



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন : ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭-৮১, ৮৮১১৬৬৬৫; ইটলাইন: ১৬১১৯

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং: ৩৬.০৫.০০০০.০০৩.৪৭.০০৫.২১ / ১৭০৩ (২)

তারিখ: ১৮ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

ছাড়পত্র রেফারেন্স নম্বর: ০৩.০২.০০১১.২২

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউজ, আইসিডি
কমলাপুর, ঢাকা।

বিষয়: এলসি নং- ১৩৩৫২১০১০৯১০ তারিখ- ০১/১২/২০২১ খ্রিঃ, বি/ই নং সি-২৮৬৩, তারিখ: ২৪/০১/২০২২ খ্রিঃ এর মাধ্যমে স্পেন হতে আমদানিকৃত ৭৫০.০০ ব.মি. সিরামিক টাইলস ছাড় করার লক্ষ্যে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মোজাইক মার্চেন্ট এসোসিয়েশন কর্তৃক মহামান্য হাইকোর্টে রীট আবেদনের প্রেক্ষিতে (রীট পিটিশন নং-৩৫৪৭/২০১০) মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৪ (চার) দিনের মধ্যে সিরামিক টাইলস আমদানিকারককে সাময়িক ছাড়পত্র এবং ৬০ (ষাট) দিনের মধ্যে চূড়ান্ত ছাড়পত্র ইস্যুকরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এ প্রেক্ষিতে আমদানিকারক, খুচরা বিক্রেতা ও ভোক্তাদের কথা বিবেচনা করে পোর্ট ডেমারেজ হতে রক্ষা পাওয়ার জন্য মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও শিল্প মন্ত্রণালয়ের পত্র সংখ্যা ৩৬.০৬৭.০২৭.০২.০১.০০১.২০১০/২০৩; তারিখ: ২১-০৭-২০১০ খ্রিঃ পত্রের নির্দেশনা অনুযায়ী মেসার্স নুপামি বিডি লিঃ, ঢাকা কর্তৃক উক্ত পণ্যের নমুনা রশিদ নং CHEM-RV020712/2022, PHY-RV011915/2022, তারিখ: ০১/০২/২০২২ খ্রিঃ-এর মাধ্যমে পরীক্ষার জন্য বিএসটিআই ল্যাবরেটরীতে জমা করার পর সাময়িক ছাড়পত্র গ্রহণের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত আমদানিকৃত পণ্য রিলিজ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:


(ক) সাময়িক ছাড়পত্র প্রাপ্তির পর কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করে প্রয়োজনীয় শুল্ক ও অন্যান্য ফি পরিশোধপূর্বক পোর্ট/বন্দর হতে মালামাল ছাড় করে মাননীয় আদালতের নির্দেশনা অনুযায়ী আমদানিকারকের ওয়ার হাউজ/গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় রাখতে হবে। পণ্য ছাড়করণের পর আমদানিকারক কর্তৃক কোথায়, কোন গোডাউনে আমদানিকৃত টাইলস সংরক্ষণ করা হবে-তার পূর্ণাঙ্গ ঠিকানা বিএসটিআই কে অবহিত করতে হবে।

(খ) পণ্যটির সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস আইএসও ১৩০০৬:২০১৫) অনুযায়ী নমুনা পরীক্ষাতে উক্ত মানের সমপর্যায়ের প্রতীয়মান হলে অত্র সংস্থা কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পর আমদানিকারক পণ্য বিক্রি/বিতরণ করতে পারবেন।

(গ) যদি পণ্য সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী পরীক্ষায় অকৃতকার্য হয়, তবে বিএসটিআই কর্তৃক পণ্যসমূহের ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) আমদানিকৃত সিরামিক টাইলস পণ্য চূড়ান্ত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় সংরক্ষণ করতে হবে, যা বিএসটিআই'র কর্মকর্তা কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হবে।

(ঙ) অত্র সংস্থা কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই পণ্য বিক্রি-বিতরণ করা যাবে না।


(মোঃ নুরুল আমিন)
পরিচালক (সিএম)
ফোন: ৪৮১১৬৬৬৫

অনুলিপি:

১। স্বত্বাধিকারী

নুপামি বিডি লিঃ

এনবি টাওয়ার (লেভেল-৪)

৪০/৭, গুলশান-২

গুলশান, ঢাকা।

২। জনাব মোঃ আমিনুল ইসলাম

ফিল্ড অফিসার (সিএম)

বিএসটিআই, ঢাকা।

মালামাল গোডাউনে পৌঁছালে পত্র মারফত বিএসটিআইকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

চূড়ান্ত ছাড়পত্রের পূর্বে কোনক্রমেই আমদানিকৃত টাইলস বিক্রয় করতে পারবে না এ বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৮

জারি
